

হীন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

জিবিসিএসআরডি সার্কুলার নং: ০৫

সেপ্টেম্বর ১৭, ২০১৪
তারিখ: -----
আশ্বিন ০২, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ই-টেন্ডারিং (E-tendering) ব্যবস্থা প্রবর্তন

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর জন্য জারিকৃত পরিবেশ বান্ধব নীতিমালার আওতায় অভ্যন্তরীণ পরিবেশ ব্যবস্থাপনার উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। তন্মধ্যে অন্যতম হচ্ছে কাগজের ব্যবহার হ্রাস।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্রয়/প্রক্রিউরমেন্ট/টেন্ডারিং কার্যক্রমে কাগজের ব্যবহার উল্লেখযোগ্য হারে হ্রাস করা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং দক্ষতা ও দ্রুততা আনয়নের লক্ষ্যে বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোতে ডিসেম্বর ২০১৫ এর মধ্যে ই-টেন্ডারিং ব্যবস্থা প্রবর্তন করতে হবে। একইসাথে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সব ধরনের প্রক্রিউরমেন্ট কার্যক্রম ই-টেন্ডারিং এর আওতায় সম্পাদন করতে হবে। উল্লিখিত ই-টেন্ডারিং ব্যবস্থা ওয়েব ভিত্তিক হতে হবে এবং তা সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ওয়েবসাইটের সাথে সংযুক্ত করতে হবে। ই-টেন্ডারিং ব্যবস্থার প্রবর্তনের ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের নিকট হতে কারিগরী সহায়তা গ্রহণ করতে পারে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৯২

ফ্যাক্স : ৯৫৩০৩২৭

ই-মেইলঃ

morshed.millat@bb.org.bd